গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ১ মার্চ ২০১৫, ১৭ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িতদের সঙ্গে সংলাপ নয়
: জাতিসংঘ মহাসচিবের চিঠির জবাবে প্রধানমন্ত্রী

২। অতি দারিদ্র্য কমাতে প্রয়োজন প্রশাসন বিকেন্দ্রীকরণ : অর্থমন্ত্রী

৩। শর্ত পূরণে ব্যর্থ হলে আইনি ব্যবস্থা : বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে শিক্ষামন্ত্রী

৪। চট্টগ্রামে বিপুল বিস্ফোরক গ্রেনেড গুলি উদ্ধার

৫। ব্লগার অভিজিৎ রায় হত্যাকাণ্ডের তদন্তে সহায়তার প্রস্তাব যুক্তরাষ্ট্রের

৬। ইলিশের অভয়াশ্রমে ৩০ এপ্রিল পর্যন্ত মাছ ধরা নিষিদ্ধ
: বাজারে বিক্রি ও পরিবহণ বন্ধ থাকবে

৭। হরতাল-অবরোধে রাজধানীতে আট গাড়িতে আগুন

৮। পাটুরিয়ায় লঞ্চডুবি দুর্ঘটনা তদন্তে দুটি কমিটির গণশুনানি

৯। চলমান অবরোধ-হরতালে পর্যটন খাতে ক্ষতি দুই হাজার কোটি টাকা

১০। দেশজুড়ে সহিংসতায় জড়িতদের বিচার দাবি ইউরোপীয় ইউনিয়নের

চলমান পাতা/২

১। সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িতদের সঙ্গে সংলাপ নয়
: জাতিসংঘ মহাসচিবের চিঠির জবাবে প্রধানমন্ত্রী

বিএনপি-জামায়াত জোট আন্দোলনের নামে সারাদেশে সন্ত্রাসী কর্মকাণ্ড চালাচ্ছে। আর সন্ত্রাসী কর্মকাণ্ড চালাচ্ছে এমন কোনো দলের সঙ্গে সরকার সংলাপে বসবে না। জাতিসংঘের মহাসচিব বান কি মুনের কাছে পাঠানো চিঠিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা জানিয়ে দিয়েছেন। প্রধানমন্ত্রী আরো বলেন, বিএনপি নেতৃত্বাধীন জোট দেশের সাধারণ মানুষের ওপর পেট্রোল বোমা হামলা বন্ধ করে, হরতাল-অবরোধ কর্মসূচি প্রত্যাহার করে দেশে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনবে এটাই সরকারের প্রত্যাশা। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), সমকাল (পৃ.১,ক.২)।

২। অতি দারিদ্র্য কমাতে প্রয়োজন প্রশাসন বিকেন্দ্রীকরণ : অর্থমন্ত্রী

দেশে আগামী ৫ বছরে অতি দারিদ্র্যের হার কমিয়ে আনাকে মূল চ্যালেঞ্জ বলে মনে করছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, আগামী ৩ বছরে (২০১৮ সালের মধ্যে) দেশে দারিদ্র্যের হার কাঙ্ক্ষিত মাত্রায় অর্থাৎ ১৪ শতাংশে নামিয়ে আনা সম্ভব হবে। কিন্তু কেন্দ্রীভূত প্রশাসন দিয়ে অতিদারিদ্র্য কাঙ্ক্ষিত হারে কমিয়ে আনা যাবে না। বিকেন্দ্রীভূত প্রশাসন ছাড়া সেটি সম্ভব নয়। গতকাল ২৮ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর একটি হোটেলে আয়োজিত এক সংলাপে তিনি এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.১), প্রথম আলো (পৃ.১৭,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩)।

৩। শর্ত পূরণে ব্যর্থ হলে আইনি ব্যবস্থা : বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হয়েছে তাদের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। এ সময়ের মধ্যে তারা সঠিকভাবে শর্ত পূরণ করতে না পারলে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ২৮ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর বাংলাদেশ সামরিক জাদুঘর মাঠে অনুষ্ঠিত আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের (এআইইউবি) ১৫তম সমাবর্তন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (পৃ.৩,ক.৩)।

৪। চট্টগ্রামে বিপুল বিস্ফোরক গ্রেনেড গুলি উদ্ধার

চট্টগ্রাম নগরীর প্রাণকেন্দ্র হালিশহর থানার গোল্ডেন কমপ্লেক্স আবাসিক এলাকায় আরো একটি জঙ্গি আস্তানার সন্ধান পেয়েছে র‍্যাব। ১নং রোডের ১/১৯নং বাসায় গত ২৭ ফেব্রুয়ারি শুক্রবার রাতে অভিযান শুরু হয়ে চলে গতকাল ২৮ ফেব্রুয়ারি শনিবার সকাল পর্যন্ত । অভিযানে উদ্ধার করা হয় ১৫০ কেজি শক্তিশালী বিস্ফোরক, আনুমানিক ৩০ প্রকারের বোমা তৈরির সরঞ্জাম, ৭৬টি শক্তিশালী তাজা বোমা (দেশীয় প্রযুক্তিতে তৈরি গ্রেনেড), ২৪ রাউন্ড শটগানের গুলি, বিপুল পরিমাণ ব্যাটারি, বাল্ব, ইলেকট্রিক তার, বোমা বানানোর মাস্ক, গ্লাভস ইত্যাদি এবং প্রশিক্ষণের জন্য ব্যবহৃত ইউনিফর্মের সরঞ্জামাদি। অভিযানে এক নারীসহ তিনজনকে গ্রেফতার করা হয়। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)। ইত্তেফাক, ডেইলি স্টার, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। ব্লগার অভিজিৎ রায় হত্যাকাণ্ডের তদন্তে সহায়তার প্রস্তাব যুক্তরাষ্ট্রের

যুক্তরাষ্ট্রে বসবাসকারী বাংলাদেশি লেখক ও ব্লগার অভিজিৎ রায় হত্যাকাণ্ডের তদন্তে সহায়তার প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্র। এ লক্ষ্যে অভিজিৎ রায়ের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেছে মার্কিন গোয়েন্দা সংস্থা এফবিআই। স্থানীয় সময় গত ২৭ ফেব্রুয়ারি শুক্রবার নিউইয়র্কে এক প্রেস ব্রিফিংয়ে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের (ইউএস স্টেট ডিপার্টমেন্ট) মুখপাত্র জেন সাকি বলেছেন, বাংলাদেশ চাইলে এ হত্যাকাণ্ড তদন্তে যুক্তরাষ্ট্র সহায়তা দিতে প্রস্তুত রয়েছে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.২,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৪), নিউ এজ (পৃ.১,ক.৩)। ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। ইলিশের অভয়াশ্রমে ৩০ এপ্রিল পর্যন্ত মাছ ধরা নিষিদ্ধ : বাজারে বিক্রি ও পরিবহণ বন্ধ থাকবে

ইলিশের অভয়াশ্রম গড়ে তুলতে ৩২০ কিলোমিটার এলাকায় আজ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত দুই মাস সব ধরনের মাছ ধরা নিষিদ্ধ করেছে মৎস্য অধিদফতর। একই সঙ্গে বাজারে ইলিশ বিক্রি ও পরিবহণ বন্ধ থাকবে। ডিম ছাড়ার পর ইলিশের বেড়ে ওঠা নিশ্চিত করতেই এ আইন থাকাকালীন জেলেরা নদীতে জাল ফেলতে পারবেন না। প্রতিবছর জানুয়ারি থেকে মে মাস পর্যন্ত জাটকা ধরার মৌসুম হলেও মার্চ-এপ্রিল মাসে সর্বোচ্চ ৬০-৭০ ভাগ জাটকা ধরা পড়ে। তাই জাটকা ইলিশের পাঁচটি প্রধান বিচরণ ক্ষেত্র নির্ণয় করে পদ্মা ও মেঘনা নদী, শাহবাজপুর চ্যানেল, তেঁতুলিয়া নদী ও আন্দারমানিক নদীতে মাছ ধরা নিষিদ্ধ করা হয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

৭। হরতাল-অবরোধে রাজধানীতে আট গাড়িতে আগুন

গতকাল ২৮ ফেব্রুয়ারি শনিবার ঢাকায় কয়েক ঘণ্টার ব্যবধানে আটটি যানবাহনে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। হবিগঞ্জে ট্রেনে পেট্রোল বোমায় দগ্ধ হয়েছেন তিনজন। এদিকে পেট্রোল বোমায় আহত ও দগ্ধ কবির শেখ ও মো

শাকিল নামের দুই ব্যক্তি গতকাল ২৮ ফেব্রুয়ারি শনিবার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। বিকেলে নারায়ণগঞ্জে একটি যাত্রীবাহী বাসে আগুন দেওয়া হয়। বিএনপি নেতৃত্বাধীন লাগাতার অবরোধের ৫৪তম দিনে পুড়েছে নয়টি যানবাহন। সূত্র-সমকাল (পৃ.১,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩)। নিউ নেশন, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। পাটুরিয়ায় লঞ্চডুবি দুর্ঘটনা তদন্তে দুটি কমিটির গণশুনানি

মানিকগঞ্জের শিবালয় উপজেলার পাটুরিয়ায় পদ্মা নদীতে লঞ্চডুবির ঘটনায় গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। গতকাল ২৮ ফেব্রুয়ারি শনিবার নৌ মন্ত্রণালয়ের গঠিত তদন্ত দল ও মানিকগঞ্জ জেলা প্রশাসনের তদন্ত দল পৃথকভাবে গণশুনানি করে। এতে প্রত্যক্ষদর্শী, দুর্ঘটনাকবলিত লঞ্চের বেঁচে যাওয়া যাত্রী, উদ্ধার কাজে নিয়োজিত ফায়ার সার্ভিসের উদ্ধারকারী দলের সদস্য, লঞ্চঘাটে দায়িত্বে থাকা কর্মকর্তা ও কর্মচারী, বিআইডব্লিউটিএর কর্মকর্তাদের বক্তব্য নেওয়া হয়। সূত্র-প্রথম আলো (পৃ.৯,ক.৫), সমকাল (পৃ.১৭,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.২)।

৯। চলমান অবরোধ-হরতালে পর্যটন খাতে ক্ষতি দুই হাজার কোটি টাকা

৫৩ দিনের টানা অবরোধ ও হরতালে পর্যটন খাতে ৯৫ শতাংশ ব্যবসা কমেছে। এ খাতে ক্ষতির পরিমাণ দুই হাজার কোটি টাকারও বেশি। ট্যুর অপারেটস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (টোয়াব) আয়োজিত গোলটেবিল বৈঠকে এই তথ্য জানানো হয়। গতকাল ২৮ ফেব্রুয়ারি শনিবার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে 'ট্যুরিজম সেক্টর : চ্যালেঞ্জ অ্যাহেড' শীর্ষক এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে টোয়াবের সভাপতি প্রফেসর ড. আকবর উদ্দিন আহমাদ সভাপতিত্ব করেন। সূত্র-যুগান্তর (পৃ.১৫, ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.২), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৩)।

১০। দেশজুড়ে সহিংসতায় জড়িতদের বিচার দাবি ইউরোপীয় ইউনিয়নের

দেশজুড়ে সহিংসতার ঘটনায় জড়িতদের চিহ্নিত করে বিচারের দাবি জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন। গতকাল ২৮ ফেব্রুয়ারি শনিবার ঢাকার ইউরোপীয় ইউনিয়ন অফিস থেকে পাঠানো এক বিবৃতিতে এ দাবি জানানো হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.৩)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, যুগান্তর, ডেইলি সান : দেশে চলমান অচলাবস্থা ও সন্ত্রাস নিরসনে দলমত নির্বিশেষে সবার লক্ষ্য হওয়া উচিৎ দেশে শান্তিপূর্ণ পরিবেশ ফিরিয়ে আনা বলে মন্তব্য;

খ. ইত্তেফাক : অনলাইন মুক্ত বিশ্বকোষের প্রতিষ্ঠাতা উইকিপিড়িয়ায় প্রকাশ প্রতিষ্ঠানটির ওয়েব পোর্টালের তথ্য নিবন্ধ অনুরোধের ক্ষেত্রে বিশ্বের ১৮৭টি ভাষার মধ্যে বাংলার অবস্থান তৃতীয় এ খবরে সন্তুষ্টি প্রকাশ করে জ্ঞানচর্চার উন্মুক্ত বিশ্বে বাংলা ভাষার পথ চলা নিরন্তর হবে এই প্রত্যাশা ব্যক্ত;

গ. সমকাল : মানবাধিকার প্রতিষ্ঠানের হিসাবে প্রকাশ ২০১৪ সালে এক বছরে সীমান্তে বিএসএফ এর হাতে ২৬ জন বাংলাদেশি নিহত হওয়ায় সীমান্তে বাংলাদেশি হত্যা বন্ধে ভারতের শীর্ষ পর্যায়ের বারবার তদন্ত আশ্বাস অঙ্গীকারেও হত্যা বন্ধ না হওয়ায় উদ্বেগ প্রকাশ;

ঘ. সংবাদ : জ্বালানি তেলের অভ্যন্তরীণ বাজারে দামের ক্ষেত্রে বৈষম্য কমানোর সুপারিশ;

ঙ. ইনকিলাব : সড়ক দুর্ঘটনা রোধ করতে দক্ষ ও প্রশিক্ষিত চালক, ত্রুটিহীন যানবাহন, বেপরোয়া যানচালনা প্রতিরোধ, সড়ক মহাসড়ক ও সেতুর ত্রুটি সংস্কার ও দুর্ঘটনার জন্য দায়িদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি স্টার : নৌ দুর্ঘটনাসহ বিভিন্ন দুর্ঘটনায় গঠিত তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশে বিলম্বের কারণে এর গ্রহণযোগ্যতা প্রশ্নবিদ্ধ হয়ে পড়ে বলে অভিমত;

ছ. ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন, জনকণ্ঠ, সংবাদ, যায়যায়দিন :অভিজিৎ রায়ের হত্যাকাণ্ডের ঘটনায় টহল পুলিশের নিষ্ক্রিয়তার সমালোচনা করে মুক্তিচিন্তার বিকাশের পথে সকল বাধা দূর করার ব্যবস্তা গ্রহণের আহ্বান;

জ. ডেইলি সান, নিউজ টুডে : নারীর সুরক্ষা, শিক্ষা ও কর্মসংস্থানের পথের সকল বাধা বিপত্তি দূর করে উন্নয়নের ধারায় তাদের সংযুক্তি অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ;

ঝ. নিউ এজ : বিদেশে বাংলাদেশি নারী কর্মী প্রেরণের পূর্বে তাদের নিরাপত্তার ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঞ. ফিনানসিয়াল এক্সপ্রেস : ভূমি সংক্রান্ত সকল ধরনের রেকর্ড রেজিস্ট্রেশন ডিজিটাল প্রযুক্তিতে সংরক্ষণের ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে চলমান ধ্বংসযজ্ঞ, হত্যা এবং মৃত্যুর যারা উদ্যোক্তা এবং উস্কানিদাতা এবং যারা সরাসরি এর সঙ্গে জড়িত তাদের সবার দ্রুত বিচার এবং শাস্তির ব্যবস্থা করতে হবে বলে উল্লেখ করা

হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত ‘প্রত্যাশিত বইমেলা’ শিরোনামের নিবন্ধে সালমা ইসলাম জেলা ও উপজেলা পর্যায়ে ব্যাপক পরিসরে বইমেলা নিয়মিত আয়োজনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হলে জ্ঞানচর্চার সহায়ক পরিবেশ দেশের অর্থনৈতিক উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা